



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আল্লাহ সর্বোত্তম সহায়ক

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আল্লাহ সর্বোত্তম সাহায্যকারী। আমাদের এটা মুখে বলে কাজে ভুলে যাওয়া উচিত নয়। এখন মানুষেরা এই অবস্থায়ই আছে। তাদের এটি পুরোপুরিভাবে বুঝতে হবে কিন্তু এটা তাদের মাথায়ও আসে না। মানুষেরা স্বস্তি পায় যখন তারা এটি স্বরণ করে। তুমি যখন এটি মুখে বল তখনও আল্লাহ সাহায্য করেন।

কেউ মানবজাতিকে সাহায্য করতে পারে না যদি আল্লাহ না চান। কোন কিছুই মানুষের উপর প্রভাব ফেলতে পারে না যতক্ষণ তারা আল্লাহর নিরাপত্তা এবং অভিভাকত্বের মধ্যে থাকে। তারা স্বস্তি লাভ করে, শান্তি পায় এবং সব যাতনা দূর হয়। এরকম কোন কথা বলে ছোট্টা নেই যে, "এই লোকটি সম্পদশালী, সে আমাদের সাহায্য করবে এবং আমরা স্বস্তি পাবো"।

মাঝে মাঝে হাসির ব্যাপার ঘটে। এক লোক, এক পাগল, একবার একটি চিঠি পাঠিয়েছিল, "আল্লাহর কাছে আমার জন্য দু'আ করবেন আমি যেন ক্রনেই এর রাজার স্বপ্নে আসি যেন সে আমার কর্মসংস্থান করেন।" এটা আশ্চর্য। তুমি যখন আল্লাহর কাছে দু'আ কর, আল্লাহ তোমাকে স্বস্তি দেন, আল্লাহ তোমাকে সাধারণ জ্ঞানবোধ দেন এবং আল্লাহ তোমাকে সহায়তা করেন। সেটাকে এত দূর নেবার প্রয়োজন নেই। আল্লাহ তোমাকে একটি পর্বতের উপরে অথবা মরুভূমির মধ্যখানে সাহায্য করতে পারেন। তোমার আল্লাহর উপর নির্ভর করতে হবে। যিনি তোমাকে সাহায্য করেন তিনি আল্লাহ এবং তিনি তোমাকে অন্য কারও মুখাপেক্ষী রাখেন না। আমাদের জন্য সবচেয়ে ভালো এবং সবচেয়ে নিকটবর্তী হচ্ছে আল্লাহ (আযযা ওয়া জাল্লা)। আমরা যেন আল্লাহর সাহায্য থেকে বঞ্চিত না হই ইনশাআল্লাহ।

"হাসবুনালাহ ওয়া নি'মাল ওয়াকিল, নি'মাল মাওলা ওয়া নি'মান নাসির"। আল্লাহ সর্বোত্তম সাহায্যকারী এবং উনার থেকে উত্তম আর কেউ হতে পারে না। সেই চিন্তাও নির্মূল হোক (হাশা)। এবং মানুষের এই বাক্যটি দিনে ১০০ বার বলা উচিত যেন তারা যন্ত্রণা এবং সমস্যা থেকে মুক্তি পায়। যেই হতাশাই থাক না কেন, যাই দুঃখ বা দুশ্চিন্তাই থাক না কেন, সব চলে যায়। অনেক সময় মানুষ ভাবে তারা যদি একজন শক্তিশালী মানুষের সাথে থাকে তাহলে তারা সমস্যা থেকে বাঁচতে পারবে তার সাহায্যে। সবচেয়ে বড় নিরাপত্তা আল্লাহ (আযযা ওয়া জাল্লা) হতে। এটি ভুলো না। উনার কাছে আশ্রয় খোঁজো।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২১ ফেব্রুয়ারি ২০১৭/২৪ জুমা দিল আউয়াল ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।